Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 23 June, 2025

দীর্ঘ ২১ মাস পর জাতীয় দলে ফিরলেন বাঁহাতি ওপেনার নাঈম শেখ।দুর্দান্ত ফর্মে থাকা এই ব্যাটার শ্রীলঙ্কা সফরের ওয়ানডে স্কোয়াডে জায়গা পেয়েছেন তৃতীয় ওপেনার হিসেবে।তিনি দলে ঢুকেছেন চোটে পড়া সৌম্য সরকারের জায়গায়।

সোমবার (২৩ জুন) মিরপুরে শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে দল ঘোষণা করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপু বলেন, “ওপেনার পজিশন স্পেশালিস্ট জায়গা।আমরা সাধারণত তিনজন ওপেনার রাখি।সেই বিবেচনায় এই মুহূর্তে সবচেয়ে ফর্মে থাকা ও ফিট নাঈম শেখই সেরা বিকল্প।”

নাঈম সর্বশেষ ওয়ানডে খেলেছিলেন ২০২৩ সালে শ্রীলঙ্কার বিপক্ষেই।এরপর ফর্মহীনতার কারণে দল থেকে বাদ পড়েন।তবে সর্বশেষ বিপিএলে দুর্দান্ত পারফর্ম করে ফের আলোচনায় আসেন।এরপর ঢাকা প্রিমিয়ার লিগে ১১ ম্যাচে করেন ৬১৮ রান, যা তাকে ফের জাতীয় দলে ফেরার দ্বার খুলে দেয়।

অন্যদিকে, সৌম্য সরকার পিঠের পুরোনো চোট থেকে এখনও পুরোপুরি সেরে উঠতে না পারায় তাকে স্কোয়াডে রাখা হয়নি।তবে নির্বাচক লিপু জানিয়েছেন, “সৌম্য আমাদের নজরে আছে।সে অভিজ্ঞ খেলোয়াড়।”

শ্রীলঙ্কা সফরে বর্তমানে চলছে টেস্ট সিরিজ।গল টেস্ট ড্র হওয়ার পর ২৫ জুন শুরু হবে কলম্বো টেস্ট।এরপর ২, ৫ ও ৮ জুলাই তিন ম্যাচের ওয়ানডে সিরিজ এবং ১০, ১৩ ও ১৬ জুলাই

তিনটি টি-টোয়েন্টি খেলবে দুই দল।

ক্রিকেট বিসিবি নাঈম শেখ সৌম্য সরকার খেলোয়াড় টেস্ট সিরিজ টি-টোয়েন্টি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:16

URL: https://www.timestodaybd.com/sports/7758073578